দৈনিক
ইনকিলাব

তারিখ: 11 FEB 2005
পৃ: ৮

### কল্যাণ ট্রাস্টের সভার সিদ্ধান্ত

# শিক্ষকদের প্রাপ্য সুবিধা বহাল থাকবে

স্টাফ রিপোর্টার : বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট থেকে শিক্ষকদের প্রাপ্য সুবিধা বহাল থাকবে। গতকাল (বৃহস্পতিবার) বিকেলে ব্যানবেইস ভবনে কল্যাণ ট্রাস্টের নবগঠিত কমিটির প্রথম সভার এক সিদ্ধান্তে বলা হয়, অবসর সুবিধা চালু হওয়ার পর কল্যাণ ট্রাস্ট থেকে আর্থিক সুবিধা বন্ধ করা হবে বলে 'এক বিভ্রান্তিমূলক সংবাদ প্রকাশিত হয়েছিল,' যা সঠিক নয়। সভায় ৩১ ডিসেম্বর '০৪ পর্যন্ত আবেদনকারী সর্বমোট ৫০৮৮ জনকে আর্থিক সুবিধা প্রদানের লক্ষ্যে ১৮ কোটি ৪৩ লাখ ৫৭ হাজার ৮০২ টাকা অনুমোদন করা হয়।

শিক্ষা সচিব ও কল্যাণ ট্রাস্টের সভাপতি ফারুক আহমেদ সিদ্দিকীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সদস্য সচিবসহ ট্রাস্টের ১১ জন সদস্য উপস্থিত ছিলেন।